তারিখ: 17. FEB. 2016
পৃষ্ঠা: ২ কলাম: ৫

সংবাদ

# শুরু হচ্ছে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০১৬

বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে আগামী ৬ মার্চ থেকে দ্বিতীয়বারের মতো দেশব্যাপী শুরু হচ্ছে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৬। আয়োজনটির প্রধান পৃষ্ঠপোষক দেশের অন্যতম শীর্ষস্থানীয় মোবাইল ফোন অপারেটর রবি আজিয়াটা লিমিটেড। বাস্তবায়ন সহযোগিতায় রয়েছে বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক, একাডেমিক সহযোগিতায় কোডমার্শাল এবং পার্টনার হিসেবে আছে কিশোর আলো, এটিএন নিউজ, বাংলাদেশ আইসিটি জার্নালিস্ট ফোরাম (বিআইজেএফ)। গত ১৪ ফেব্রুয়ারি জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেয়া হয়। এ সময় জানানো হয়, এ আয়োজনকে সবার কাছে নিয়ে যাওয়ার জন্য ৫০০ উপজেলা ও থানায় প্রচারণামূলক অ্যাক্টিভেশন পরিচালনা করা হবে। এছাড়া মেন্টরস ট্রেনিং, ফেসিলেটর কর্মশালা, ৬৪টি জেলায় কর্মশালা, অনলাইন মেন্টরশিপ ও ফোরাম, ১৬টি আঞ্চলিক প্রোগ্রামিং প্রতিযোগিতা, জাতীয় প্রোগ্রামিং প্রতিযোগিতা ও জাতীয় প্রোগ্রামিং ক্যাম্প অনুষ্ঠিত হবে।



এ বছর সারাদেশকে মোট ১৬টি অঞ্চলে ভাগ করা হয়েছে। অঞ্চল গুলো হচ্ছে রংপুর, রাজশাহী, খুলনা, সিলেট, চট্টগ্রাম, বরিশাল, ঢাকা, গোপালগঞ্জ, দিনাজপুর, পাবনা, পটুয়াখালী, টাঙ্গাইল, নোয়াখালী, কুমিল্লা, যশোর ও ময়মনসিংহ। আঞ্চলিক প্রতিযোগিতাসমূহ আগামী ৬ মার্চ থেকে শুরু হয়ে ৩ এপ্রিল পর্যন্ত চলবে। সব অঞ্চলের বিজয়ীদের নিয়ে আগামী ৯ এপ্রিল ঢাকার কৃষিবিদ ইনিস্টিটিউটে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৬ অনুষ্ঠিত হবে।

সংবাদ সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্মেদ পলক। তিনি বলেন, 'এমনটি মনে করার কোন কারণ নেই যে পরবর্তী মার্ক জুকারবার্গ, স্টিভ জবস ও বিল গেটস বাংলাদেশ থেকে উঠে আসবে না। আমাদের আছে বিশ্বমানের মেধা আর চোখে-মুখে স্বপ্ন। আমাদের যা করতে হবে এই মেধাগুলোকে শুরু থেকেই এমনভাবে যত্ন নিতে হবে যেন তারা বৈশ্বিক পর্যায়ে তাদের সামর্থ্যকে তুলে ধরার সুযোগ পান। জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং কনটেস্ট এমন একটি আয়োজন যার মাধ্যমে আমরা পরবর্তী বিশ্বমানের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উদ্যোক্তা গড়ে তোলার স্বপ্ন দেখছি। দেশের তরুণদের জন্য আয়োজিত এমন একটি উদ্যোগে পৃষ্ঠপোষকতা করার জন্য রবি'কে জানাই ধন্যবাদ।'

ধারাবাহিক সহযোগিতা অব্যাহত রাখার জন্য আইসিটি বিভাগকে ধন্যবাদ জানিয়ে রবি আজিয়াটা লিমিটেডের চিফ অপারেটিং অফিসার মাহতাব উদ্দিন আহমেদ বলেন, 'ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নে রবি সবসময়ই তরুণদের অদম্য শক্তির ওপর ভরসা রাখে। তাদের ভালো করার অদম্য ইচ্ছার প্রতি শ্রদ্ধা রেখে আমরা ইতোমধ্যে চালু করেছি বিডিঅ্যাপস ডটকম। এর মাধ্যমে তরুণ প্রোগ্রামাররা তাদের দক্ষতা প্রদর্শন এবং আমাদের জীবনকে সমৃদ্ধ করার লক্ষ্যে নতুন নতুন মোবাইল অ্যাপ্লিকেশন নিয়ে আসার সুযোগ পেয়েছেন। এমন একটি আয়োজনের অংশীদার হতে পেরে আমরা গর্বিত।'

আইসিটি বিভাগের সচিব শ্যাম সুন্দর সিকদারও সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন। এছাড়া সংবাদ সম্মেলনে আন্তর্জাতিক প্রোগ্রামিং প্রতিযোগিতার বিচারক মোহাম্মদ মাহমুদুর রহমান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক লাফিফা জামালসহ আরো অনেক বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

আঞ্চলিক প্রতিযোগিতাসমূহ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মওলানা ভাসানি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। সংবাদ বিজ্ঞপ্তি।